

সোয়াদ | ص | ১৫

আয়াতঃ ৩৮ : ১৫

আরবি মূল আয়াত:

وَمَا يَنْظُرُ هَؤُلَاءِ إِلَّا صَيْحَةً وَاحِدَةً مَّا لَهَا مِنْ فَوَاقٍ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

আর এরা তো কেবল একটি বিকট আওয়াজের অপেক্ষা করছে যাতে কোন বিরাম থাকবে না। — আল-বায়ান

(আজ) এই লোকেরা তো প্রচণ্ড একটা বিস্ফোরণের অপেক্ষায় আছে, (তা যখন ঘটবে) তাতে কোন বিরাম থাকবে না। — তাইসিরুল

তারাতো অপেক্ষা করছে একটি মাত্র প্রচণ্ড নিনাদের যাতে কোন বিরাম থাকবেনা। — মুজিবুর রহমান

And these [disbelievers] await not but one blast [of the Horn]; for it there will be no delay. — Sahih International

১৫. আর এরা তো কেবল অপেক্ষা করছে একটি মাত্র প্রচণ্ড শব্দের, যাতে কোন বিরাম থাকবে না। (১)

(১) আরবীতে فَوَاقٍ এর একাধিক অর্থ হয়। (এক) একবার দুধ দোহনের পর পুনরায় স্তনে দুধ আসার মধ্যবর্তী সময়কে فَوَاقٍ বলা হয়। (দুই) সুখ-শান্তি। উদ্দেশ্য এই যে, ইসরাফিলের শিঙ্গার ফুক অনবরত চলতে থাকবে এতে কোন বিরতি হবে না। [দেখুন- বাগভী, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১৫) এরা তো অপেক্ষা করছে এক মহাগর্জনের,[1] যাতে কোন বিরতি থাকবে না।[2]

[1] অর্থাৎ, শিঙ্গায় ফুৎকারের, যাতে কিয়ামত সংঘটিত হয়ে যাবে।

[2] দুধ দোহনকারী একবার দুধ দোহনের পর বাছুরকে উটনী, গাই বা মহিষের (অর্থাৎ তার মায়ের) নিকট ছেড়ে দেয়, যাতে তার দুধ পান করার ফলে পুনরায় স্তনে অধিক পরিমাণে দুধ এসে জমা হয়। সুতরাং কিছুক্ষণ পরে বাছুরকে জোরপূর্বক অন্যত্র সরিয়ে দিয়ে পুনরায় দুধ দোহন করতে আরম্ভ করে। উক্ত দুইবার দুধ দোহনের মধ্যবর্তী সময়কে فَوَاقٍ বলা হয়। অর্থাৎ শিঙ্গায় ফুক দেওয়ার পর এতটুকুও সময় পাওয়া যাবে না, বরং শিঙ্গায় ফুক দেওয়ার সাথে সাথেই কিয়ামতের ভূমিকম্প আরম্ভ হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন